গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক এর কার্যালয়
ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (মৎস্য অধিদপ্তর অংশ)
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

স্মারক নং-৩৩.০২.০০০০.৯৫৮.০৪.০১১.২৩.৫৪৪

তারিখঃ ১০-১০-২০২৫ খ্রি.

**বিষয় : প্রদর্শনীর চাষি এবং পুকুর নির্বাচন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (মৎস্য অধিদপ্তর অংশ) এর আওতায় নির্ধারিত প্রযুক্তি প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত বিষয়সমূহ অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

১. একই পরিবার/একই ব্যক্তিকে একাধিক প্রদর্শনী চাষি হিসেবে নির্বাচন করা যাবে না।
২. পুকুরের অবস্থান দৃশ্যমান স্থানে হতে হবে।
৩. যৌথ পুকুর হলে একক নামে চুক্তিনামার মাধ্যমে চাষ পদ্ধতি প্রয়োগের অধিকার নিশ্চিত করতে হবে।
৪. পুকুর যাতে অতি বৃষ্টিতে,বন্যায় ডুবে না যায় তার জন্য পাড় উঁচু হতে হবে।
৫. পুকুরে সারাদিন কমপক্ষে ৮ঘণ্টা সূর্যালোক পড়া নিশ্চিতকরণে অপ্রয়োজনীয় গাছপালা থাকতে পারবে না।
৬. কোনোরূপ দূষিত বর্জ্য/ধোয়ানি পুকুর/খামারে পড়ে এমন পুকুর নির্বাচন করা যাবে না।
৭. প্রদর্শনী বাস্তবায়নের পূর্বে যথাযথভাবে উৎপাদন পরিকল্পনা প্রণনয় করতে হবে।
৮. বছরব্যাপী পানি থাকে এমন পুকুর প্রাধাণ্য দিতে হবে।
৯. যথাযথভাবে প্রদর্শনী পুকুর প্রস্তুতির ধাপসমূহ নিশ্চিতকরণের অঙ্গিকারবদ্ধ করতে হবে।
১০. প্রকল্প কর্তৃক অনুদান ছাড়াও চাষির বিনিয়োগ করার মানসিকতা থাকতে হবে।
১১. প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের পূর্বে আবশ্যিকভাবে চাষির সাথে ৩০০/- মূল্যের নন-জুড়িসিয়াল স্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের আওতায় সকল প্রদর্শনী বাস্তবায়নে উপরোক্ত বিবেচ্য বিষয়সমূহ অনুসরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

মোঃ জাহাঙ্গীর আলম
প্রকল্প পরিচালক
ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার
ম্যানেজমেন্ট প্রজেক্ট (মৎস্য অধিদপ্তর অংশ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা
.............................................................................।

CamScanner